

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৭২

১/ বিবিধ

আরবী

قال الله لداود: يا داود ابن لي في الأرض بيتا، فبنى داود بيتا لنفسه قبل البيت الذي أمر به، فأوحى الله إليه: يا داود بنيت بيتك قبل بيتي؟ قال: أي رب هكذا قلت فيما قضيت: من ملك استأثر، ثم أخذ في بناء المسجد، فلما تم سور الحائط سقط، فشكا ذلك إلى الله، فأوحى الله إليه أنه لا يصح أن تبني لي بيتا! قال: أي رب ولم؟ قال: لما جرى على يديك من الدماء، قال: أي رب أولم يكن ذلك في هوأك؟ قال: بلى ولكنهم عبادي وإمائي وأنا أرحمهم، فشق ذلك عليه فأوحى الله إليه: لا تحزن فإني سأقضى بناءه على يد ابنك سليمان ...

باطل موضوع

أخرجه الطبراني في "المعجم الكبير" (5 / 12) و"مسند الشاميين" (ص 62 و 99 - المصورة)، وابن حبان في "الضعفاء" (2 / 300) وعنه ابن الجوزي في "الموضوعات" (1 / 200)، عن محمد بن أيوب بن سويد حدثنا أبي حدثنا إبراهيم ابن أبي عبلة عن أبي الزاهرية عن رافع بن عمير مرفوعا، وقال ابن الجوزي موضوع، محال، تتنزه الأنبياء عن مثله ويقبح أن يقال: أبيح له قتل قوم أو أمر بذلك، ثم أبعد بذلك عن الرضا، كيف وقد قال تعالى في حق العصاة: (ولا تأخذكم بهما رأفة في دين الله) قال ابن حبان: ومحمد بن أيوب يروي الموضوعات وأقره السيوطي في "اللالئ" (1 / 170) وقال: قلت: أخرجه الطبراني وابن مردويه في "التفسير" وقد وافق صاحب "الميزان" على أنه موضوع، قال أبو زرعة: محمد بن أيوب رأيت قد

أدخل في كتب أبيه أشياء موضوعة

وقال ابن حبان، كان يضع الحديث، والموضوع منه قصة داود، وأما سؤال سليمان

الخصال الثلاث فورد من طرق أخرى

قلت: وقد حذفت السؤال منه وأشارت إليه بالنقط ( ... ) لأنه صحيح من حديث عبد

الله بن عمرو، وقد صححه جمع كما هو مبين في " التعليق الرغيب " ( 2 / 137 ) ،

وراجع تعليقي على " صحيح ابن خزيمة " ( 2 / 288 / 1334 ) ، وقد أورده بتمامه

الهيثمى ( 4 / 7 - 8 ) وقال: رواه الطبراني في " الكبير " وفيه محمد ابن أيوب ابن

سويد الرملي وهو متهم بالوضع

বাংলা

১৭২। আল্লাহ তা'আলা দাউদ (আঃ) কে বললেনঃ হে দাউদ! আমার জন্য পৃথিবীতে একটি ঘর বানাও। অতঃপর তাকে যে ঘর বানানোর নির্দেশ দেয়া হল সেটির পূর্বেই দাউদ তার নিজের জন্য একটি ঘর বানালেন। ফলে তার নিকট আল্লাহ ওহী করলেনঃ হে দাউদ! তুমি আমার ঘর বানানোর পূর্বেই তোমার ঘর বানালে? তিনি বললেনঃ হে প্রভু! তুমি তোমার ফয়সালাতে এমনই বলেছ; যে ব্যক্তি মালিক বনে যায় সে নিজের জন্য কিছু বস্তু নির্ধারিত করে নেয়। অতঃপর তিনি (দাউদ) মসজিদ তৈরি করা শুরু করলেন। যখন প্রাচীর এর দেয়াল সমাপ্ত হল; তখন তা পড়ে গেল! ফলে তিনি সে বিষয়ে আল্লাহর নিকট অভিযোগ করলেন। আল্লাহ তার নিকট ওহী মারফত জানালেন, তুমি আমার জন্য যে ঘর তৈরি করবে তা সঠিকভাবে হবে না! (দাউদ) বললেনঃ হে প্রভু কেন? (আল্লাহ) বললেনঃ তোমার সম্মুখে রক্ত প্রবাহিত হওয়ার কারণে। তিনি বললেনঃ হে প্রভু! সেটি কি তোমার ইচ্ছা মাফিক ছিল না? (আল্লাহ) বললেনঃ হ্যাঁ। কিন্তু তারাতো আমার দাস-দাসী এবং আমিই তো তাঁদেরকে দয়া করে থাকি। (এ কথা শোনার পর) তা তার উপর মুশকিল হয়ে গেল। ফলে আল্লাহ তার নিকট ওহী মারফত জানালেন তুমি চিন্তা করো না, কারন আমি তা তৈরির সিদ্ধান্ত নিয়েছি তোমার পুত্র সুলায়মানের হাতে।

হাদীসটি বাতিল ও জাল।

হাদীসটি তাবারানী “মুজামুল কাবীর” গ্রন্থে (৫/১২) এবং “মুসনাদুশ শামিয়ীন” গ্রন্থে (পৃঃ ৬২, ৯৯), ইবনু হিব্বান “আয-যুয়াফা” গ্রন্থে (২/৩০০) এবং তার থেকে ইবনুল জাওয়ী “মাওয়ু'আত” গ্রন্থে (১/২০০) মুহাম্মাদ ইবনু আইউব ইবনে সুওয়াইদ হতে ... বর্ণনা করেছেন। অতঃপর ইবনুল জাওয়ী বলেছেনঃ হাদীসটি জাল।

ইবনু হিব্বান এ মুহাম্মাদ ইবনু আইউব সম্পর্কে বলেনঃ তিনি জাল হাদীস বর্ণনাকারী। সুয়ূতী “আল-লাআলী” (১/১৭০) গ্রন্থে তার এ কথাকে সমর্থন করে বলেছেনঃ এটিকে তাবারানী ও ইবনু মারদুবীয়া তার “আত-তাফসীর” গ্রন্থে উল্লেখ করেছেন। “আল-মীযান” গ্রন্থের লেখক যাহাবী হাদীসটি জাল হওয়ার ব্যাপারে ঐকমত্য

পোষণ করেছেন। আবু যুর'যাহ বলেনঃ মুহাম্মাদ ইবনু আইউবকে তার পিতার গ্রন্থসমূহে বানোয়াট কিছুর অনুপ্রবেশ ঘটাতে দেখেছি। ইবনু হিব্বান বলেনঃ তিনি হাদীস জাল করতেন। দাউদ-এর ঘটনা সে সবেই একটি বানোয়াট ঘটনা।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=5432>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন